

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## হাইকোর্ট বিভাগ

(২০২৫ইং সনের ১২নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১২ জানুয়ারি, ২০২৫খ্রি: তারিখ রোজ রাবিবার সকাল ১০:৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

### ১. বিচারপতি মোঃ আতোয়ার রহমান

#### এবং বিচারপতি মোঃ আলী রেজা

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; অগ্রাধিকার ভিত্তিতে মামলার সন ও নম্বরের ধারাবাহিকতা অনুসরণ করিয়া মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভুত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভুত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; শুনানীর জন্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন মোকদ্দমা এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রূল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

### ২. বিচারপতি কে, এম, হাফিজুল আলম

#### এবং বিচারপতি মোঃ আতাবুল্লাহ

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; এবং অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভুত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভুত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রূল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকক্ষত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

বাংলাদেশের প্রধান বিচারপতি  
তারিখঃ- ৯ জানুয়ারি, ২০২৫খ্রি:

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি মোঃ আতোয়ার রহমান
- ২। বিচারপতি কে, এম, হাফিজুল আলম
- ৩। বিচারপতি মোঃ আতাবুল্লাহ
- ৪। বিচারপতি মোঃ আলী রেজা